



ইকবাল সিদ্দিকী এডুকেশন সোসাইটি IQBAL SIDDIQUEE EDUCATION SOCIETY

(A non-profitable organisation approved by the government)

Reg.No.5 8072 (93)

Nayanpur, Rajendrapur Cantonment, Gazipur Sadar, Gazipur. E-Mail: iq.siddiquee@gmail.com

Phone: 02 996695800

নোটিশ নং ২৯/ ২০২২

তারিখ: ৮ই মার্চ ২০২২

মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের কর্মসূচি

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষে নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

কুচকাওয়াজ ও শারীরিক কসরতে অংশগ্রহণ:

২৬ মার্চ তারিখে বিদ্যালয়ের নির্বাচিত ছাত্র-ছাত্রীরা বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, ঢাকা ও শহিদ বরকত স্টেডিয়াম, গাজীপুরে কুচকাওয়াজ ও শারীরিক কসরতে অংশগ্রহণ করবে। সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নির্ধারিত পোশাক পরিধান করে ঢাকার দলকে ভোর ৪.০০টায় এবং গাজীপুরের দলকে সকাল ৬:১৫ টায় ক্যাম্পাসে উপস্থিত থাকতে হবে।

জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্পণ:

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে বীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানাতে ইকবাল সিদ্দিকী কলেজের শিক্ষার্থীরা জাতীয় স্মৃতিসৌধ, সাভার, ঢাকায় যাবে। কলেজের শিক্ষার্থীদের এদিন নির্ধারিত পোশাকে সকাল ৬:০০ টায় ক্যাম্পাসে উপস্থিত থাকতে হবে।

দেওয়াল পত্রিকা প্রকাশ:

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে একটি দেওয়াল পত্রিকা প্রকাশিত হবে। দেওয়াল পত্রিকায় প্রকাশের জন্য স্ব-রচিত কবিতা, ছোট গল্প, ছড়া ও প্রবন্ধ ২০শে মার্চ, ২০২২ তারিখের মধ্যে স্ব-স্ব শ্রেণি শিক্ষকের নিকট জমা দিতে আহ্বান জানানো হলো।

রচনা প্রতিযোগিতা:

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণেছু শিক্ষার্থীদের নিজ হাতে লেখা রচনা ২০শে মার্চ, ২০২২ তারিখের মধ্যে স্ব-স্ব শ্রেণি শিক্ষকের নিকট জমা দিতে আহ্বান জানানো হলো।

[বি.দ্র. A4 সাইজ সাদা কাগজে নিজ হাতে প্রতি পাতার একদিকে রচনা লিখতে হবে]

রচনার বিষয়: ১৯৭১ সালে আমার বয়স যদি হতো আঠারো

ক-বিভাগ (অষ্টম শ্রেণি পর্যন্ত, অনূর্ধ্ব ২৫০ শব্দ)

খ-বিভাগ (নবম - দ্বাদশ শ্রেণি পর্যন্ত, অনূর্ধ্ব ৪০০ শব্দ)

পুরস্কার ও সনদ বিতরণ:

আলোচনা সভার পর রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হবে।

(মো. ইমু হোসাইন)

প্রভাষক (ইংরেজি)

আহ্বায়ক

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদযাপন কমিটি

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। অধ্যক্ষ, ইকবাল সিদ্দিকী কলেজ
- ২। প্রধান শিক্ষক, ইকবাল সিদ্দিকী স্কুল অ্যান্ড কলেজ/ কচি-কাঁচা একাডেমি/ নয়নপুর এনএস আদর্শ বিদ্যালয়
- ৩। প্রশাসনিক কর্মকর্তা, ইকবাল সিদ্দিকী এডুকেশন সোসাইটি
- ৪। অফিস কপি,
- ৫। প্রতিষ্ঠানের ওয়েবসাইট, ফেসবুক পেইজ